# উপজেলা পরিষদ কার্যালয়
# সিলেট সদর, সিলেট ।

সিলেট সদর উপজেলার ৬ষ্ঠ পরিষদের ৯ম মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মিজ্ খোশনূর রুবাইয়াৎ, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট ।

তারিখ : ১৮-০২-২০২৫ খ্রিঃ ।

সময় : সকাল ১১.০০ ঘটিকায় ।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য ।

সভায় উপজেলা নির্বাহী অফিসার ও অদ্য সভার সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন ।অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন । | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সবাইকে স্বাগত জানান। অতপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । | বিগত সভার কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত এবং দৃঢ়ীকরণ করা হয় । | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | বিভাগীয় অগ্রগতি পর্যালোচনাঃ- | | | |
| ২.১ স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | (ক) আলোচনার শুরুতে প্রতিনিধি,উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট জানান পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুনর্বাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>(খ) আলোচনাকালে তিনি আরোও জানান, এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন দপ্তর ও ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প তালিকা চলতি মাসেই দরপত্র আহবান করা হবে । পিআইসির আওতায় বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত প্রকল্প তালিকার কমিটি দাখিলের প্রস্তাব করেন । | | ১.১) পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুনর্বাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়<br>১.২)সভায় সর্বসম্মতিক্রমে পিআইসির আওতায় বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত প্রকল্প তালিকার কমিটি দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয় ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় । | প্রশাসক, উপজেলা পরিষদ /উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট । |
| ২.২ স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার ~~প্রতিনিধি~~ জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।<br><br>তিনি জানান, অত্র উপজেলায় কোন ডেঙ্গু রোগী পাওয়া যায়নি, এছাড়া ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর সিলেট এ মেডিকেল টিম এর মাধ্যমে এম পক্স স্ক্যানিং কার্যক্রম চালু রয়েছে । কোন পজেটিভ রোগী পাওয়া যায়নি ।বর্তমানে ওসমানী সিলেট আন্তর্জাতিক বিমানবন্দরে প্রায় ৩০০০ (তিন হাজার) এইচ এম পি ভি রোগী স্ক্যানিং করা হয়েছে । কোন পজেটিভ রোগী পাওয়া যায়নি ।ইপিআই এবং কমিউনিটি ক্লিনিক কার্যক্রম যথা নিয়মে অব্যাহত রয়েছে । | | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে ।<br>১.২) এইচপিভি ভ্যাকসিন প্রদান কার্যক্রমে সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করতে হবে ।<br>১.৩। এম পক্স স্ক্যানিং কার্যক্রম চলমান রাখতে হবে । | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সিলেট সদর, সিলেট ও সংশ্লিষ্ট সকল । |
| ২.৩ মাধ্যমিক শিক্ষা বিভাগ | আলোচনাকালে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, বন্যার সময় অনেক স্কুল ও মাদ্রাসার ডেস্ক বেঞ্চ নষ্ট হয়ে গেছে । উক্ত স্কুল ও মাদ্রাসা গুলোতে ডেস্ক বেঞ্চ সরবরাহের প্রস্তাব করেন । | | ১) প্রত্যেক ইউনিয়ন পরিষদের যেকোন তহবিল হতে চাহিদা সংগ্রহ করে বন্যায় ক্ষতিগ্রস্থ স্কুল ও মাদ্রাসা গুলোতে ডেস্কবেঞ্চ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |
| ২.৪ প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।১ম থেকে ৩য় শ্রেনীর ১০০ ভাগ বই পাওয়া গেছে । ৪র্থ ও ৫ম শ্রেনীর কিছু বই পাওয়া গেছে এছাড়া যেসকল বই পাওয়া যায়নি সেগুলোর অনলাইন কপি দিয়ে পাঠদান কার্যক্রম চলমান আছে ।ইবতেদায়ী পর্যায়ের কোন বই অদ্যাবধি পাওয়া যায়নি ।<br>তিনি জানান আন্তঃপ্রাথমিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা আগামী ২৪ ফেব্রুয়ারি-২০২৫ তারিখ তেরো রতন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে ।তিনি সকলকে উপস্থিত থাকার | | ১.১। প্রাথমিক পর্যায়ের যেসকল বই আসে নাই সেগুলো অনলাইন থেকে ডাউনলোড করে পাঠদান কার্যক্রম চলমান রাখতে হবে ।<br>১.২। উপজেলা পর্যায়ে ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা সুষ্ঠু ভাবে আয়োজন করতে হবে ।<br>১.৩। প্রাথমিক স্কুল গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালক)-২০২৫ বিভাগীয় পর্যায়ে | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |

| | | | |
|---|---|---|---|
| | অনুরোধ জানান।<br>তিনি জানান, প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল প্রতিযোগিতা বিভাগীয় পর্যায়ের খেলা আগামীকাল সকাল ১০.০০ টায় মাছিমপুর, উপশহর ক্রীড়া কমপ্লেক্সে অনুষ্ঠিত হবে।সিলেট সদর উপজেলার নলকট সরকারি প্রাথমিক বিদ্যালয় সিলেট জেলা প্রতিনিধিত্ব করবে।সিলেট জেলা বনাম সুনামগঞ্জ জেলার খেলা অনুষ্ঠিত হবে।তিনি উক্ত খেলায় সকলকে উপস্থিত থাকার অনুরোধ জানান। | নলকট সরকারি প্রাথমিক বিদ্যালয় অংশগ্রহণ করায় অভিনন্দন জানানো হয় এবং উক্ত খেলায় সকলকে উপস্থিত থাকতে হবে। | |
| ২.৫ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার(কাবিটা)কর্মসূচীর ১ম ও ২য় কিস্তির বরাদ্দের অনুকূলে প্রকল্প তালিকা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের জন্য জেলায় প্রেরণ করা হয়েছে।অনুমোদন পাওয়া মাত্র বৃষ্টি আসার আগেই কাজ শেষ করার অনুরোধ জানান। | ১.১। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন পাওয়া মাত্র দ্রুত প্রকল্পের কাজ শেষ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাও সংশ্লিষ্ট সকল |
| ২.৬ পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর ,সিলেট জানান ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্র সমূহে কিছু ঔষধ সংকট আছে, দ্রুত সমাধান হয়ে যাবে এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট |
| ২.৭ কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, রবি ২০২৪-২৫ মৌসুমে বোরো লক্ষ্যমাত্র ৫৮৯০ হেক্টর।বর্তমানে ৫৯৭১ হেক্টর আবাদ হয়েছে।সার উত্তোলন চলমান বর্তমানে সারের কোন ঘাটতি নেই।<br>তিনি জানান, কান্দিগাঁও ইউপির বাদেয়ালী নামক স্থানে সেচ স্কীমে বিদ্যুৎ সংযোগ প্রদানের জমা ভিত্তিক কাজের একখানা প্রাক্কলন যাহার প্রাক্কলিত মূল্য-২,৮২,৬৫৩ (দুই লক্ষ বিরাশি হাজার ছয়শত তিপ্পান্ন) টাকা এরমধ্যে ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পরিষদের তহবিল হতে পরিশোধ করা হয়েছে। অবশিষ্ট ১,৩৮,৬৫৩/-(এক লক্ষ আটত্রিশ হাজার ছয়শত তিপ্পান্ন) টাকা উপপরিচালক (হিসাব), আঞ্চলিক হিসাব দপ্তর, বিউবো, সিলেট নামে পে অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ জানান।<br>তিনি আরোও জানান, সুনামগঞ্জ বাইপাস রোডে পল্লী বিদ্যুৎ সমিতির অফিসের সামনে বাঁধের কারণে বর্ষা মৌসুমে পানি অপসারন হয়না বিধায় ফসল পানিতে নিমজ্জিত হয়। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব উপস্থাপন করেন। | ১.১। কান্দিগাঁও ইউপির বাদেয়ালী নামক স্থানে সেচ স্কীমে বিদ্যুৎ সংযোগ প্রদানের অবশিষ্ট ১,৩৮,৬৫৩/-(এক লক্ষ আটত্রিশ হাজার ছয়শত তিপ্পান্ন) টাকা ইউনিয়ন পরিষদ হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.২। বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট |
| ২.৮ মৎস্য বিভাগ | উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, সুরমা নদী ও চেঙ্গের খাল নদীর কিছু নির্দিষ্ট জায়গা মাছের অভয়াশ্রম করার প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | ১.১।বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট। |
| ২.৯ প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান ক্ষুদ্র নৃ গোষ্ঠীর ১৯৩ জনকে হাঁস মুরগী দেওয়া হয়েছিল।চলতি বছরে হাঁস মুরগীর খাবারের বরাদ্ধ পাওয়া গেছে। খাবার প্রাপ্তি সাপেক্ষে তারিখ বিতরণের তারিখ নির্ধারণ করে জানানো হবে। | ১। হাঁস মুরগীর খাবার সুষ্ঠু ভাবে বিতরণ করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ২.১০ সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান সমাজসেবা বিভাগের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ভাতা বাছাইকৃত তালিকা পাওয়া যায়নি। তিনি দ্রুত তালিকা দাখিলের প্রস্তাব করেন। | ১.১) দ্রুত বয়স্ক ভাতা, বিধবা ভাতার অনলাইনে প্রাপ্ত আবেদন তালিকা সংশ্লিষ্ট ইউনিয়নের বরাদ্দ অনুসারে বাছাই করে প্রাথমিক তালিকা উপজেলায় দাখিল করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট। |

| | | | |
|---|---|---|---|
| ২.১১ মহিলা বিষয়ক বিভাগ | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট জানান, ০৩ টি ক্যাটাগরীতে জয়িতা পুরষ্কার প্রদান করা হবে।এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট । |
| ২.১২ জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সদর, সিলেট সভায় জানান, বন্যা পূনর্বাসন প্রকল্পে বিনামূল্যে নলকূপ প্রদানের উপকারভোগীর তালিকা বাছাই কার্যক্রম চলমান ।এক মাসের মধ্যে কার্যাদেশ প্রদান করা হবে ।তিনি পাবলিক টয়লেট নির্মাণের জন্য স্থান নির্বাচনের প্রস্তাব করেন। | ১.১। বন্যা পূনর্বাসন প্রকল্পে আওতায় বিনামূল্যে নলকূপ প্রদানের উপকারভোগীর নাম সুষ্ঠু ভাবে যাচাই বাছাই করতে হবে এবং পাবলিক টয়লেট স্থাপনের স্থান ইউপি চেয়ারম্যানদের সাথে সমন্বয় করে নির্ধারণ করতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য/ ইউপি চেয়ারম্যান (সকল) সিলেট সদর, সিলেট। |
| ২.১৩ পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১। নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২.১৪ খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট জানান, খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় ডিলার নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।তিনি এ বিষয়ে বহুল প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | ১.১। খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় ডিলার নিয়োগের বিজ্ঞপ্তি বহুল প্রচার করতে হবে এবং ওয়েব পোর্টালে প্রদান করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ২.১৫ পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১। ঋণ আদায় লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২.১৬ বন বিভাগ | ফরেস্ট রেঞ্জার, সিলেট রেঞ্জ, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১। পরপর তিন মাস সভায় উপস্থিত না থাকলে কারণ দর্শানোর নোটিশ প্রদান করতে হবে। | ফরেস্ট রেঞ্জার ও সিলেট সদর, সিলেট। |
| ২.১৭ যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে । | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট |
| ২.১৮ সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট এর প্রতিনিধি জানান সমবায় বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে । | উপজেলা সমবায় কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট । |
| ২.১৯ উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার,সিলেট সদর, সিলেট সভায় জানান, জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |
| ০৩ কমিটির সুপারিশ পর্যালোচনা | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের পুণ:গঠিত ১৭ টি কমিটি অনুমোদনের প্রস্তাব উপস্থাপন করেন । | সভায় সর্বসম্মতিক্রমে পুন:গঠিত ১৭ টি কমিটি অনুমোদিত হয় । | সভাপতি ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি, সিলেট সদর, সিলেট। |
| ০৪ নতুন সার্কুলার, প্রজ্ঞাপন | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রপতির বিষয়ে আলোচনাকালে ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন-২০২৩ নিয়ে সভায় আলোচনা হয়। | | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |
| ০৫ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১। নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, ইউডিএফ ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ০৬ বিবিধ | বিবিধ-১:-আলোচনাকালে উপজেলা আইসিটি অফিসার জানান, সিলেট সদর উপজেলার কিছু কিছু দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করা হয়নি । তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন। | ০১) সিলেট সদর উপজেলার যেসকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করা হয়নি সেগুলো হালনাগাদ করতে হবে। | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২/৬/২৫

খোশনূর রুবাইয়াৎ
সভাপতি
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট।

স্মারক নং:-৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯. ৯৯

তারিখ: ০২/০৩/২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সিলেট।
৫। উপজেলা ----------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট।
৬। চেয়ারম্যান,------------------- -----------ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট।
৭। জনাব/বেগম,----------------------------------সিলেট সদর, সিলেট।
০৮। অফিস নথি।

2/6/25

উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট।

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মো: মানিক মিয়া | চেয়ারম্যান, ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০২) | জনাব রফিকুজ্জামান | চেয়ারম্যান, ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৩) | জনাব বদরুল ইসলাম আজাদ | চেয়ারম্যান,৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৪) | জনাব শফিকুর রহমান | চেয়ারম্যান, ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৫) | জনাব মো: মাহবুবুল ইসলাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা(আর্থিক ও প্রশাসনিক), ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৬) | জনাব মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৭) | জনাব অপূর্ব লাল সরকার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ০৮) | ডা: নাহিদ আরজুমান বানু | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ০৯) | জনাব মো: ছমির উদ্দিন | উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১০) | জনাব আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১১) | ডা: আনিসুল ইসলাম | প্রতিনিধি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১২) | মিজ্ শামছুন্নাহার | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট। |
| ১৩) | জনাব শীর্ষেন্দু পুরকায়স্থ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৪) | জনাব মো: হাসানুজ্জামান | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট। |
| ১৫) | জনাব অভিজিৎ কুমার পাল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৬) | জনাব আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৭) | জনাব নুসরাত-এ-ইলাহী | উপজেলা সমাজসেবা অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৮) | মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৯) | জনাব মোহাম্মদ লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট। |
| ২০) | মিজ্ নিলুফার ইয়াসমিন | প্রতিনিধি, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২১) | জনাব মো: কামরুল ইসলাম | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট। |
| ২২) | মিজ্ শারমীন আক্তার | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট। |
| ২৩) | জনাব মোহাম্মদ ফরহাদ হোসেন | উপজেলা নির্বাচন অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ২৪) | মিজ্ রহিমা বেগম এনি | তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২৫) | জনাব মো: গোলাম কিবরিয়া | উপজেলা আনাসার ও ভিডিপি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২৬) | জনাব শংকর কুমার দাশ | উপজেলা পরিসংখ্যান অফিসার(চ:দা), সিলেট সদর, সিলেট। |
| ২৭) | জনাব শ্যামল চন্দ্র দাস | আইসিটি অফিসার, সিলেট সদর, সিলেট। |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মোহাম্মদ এমরান হোসেন | ইউডিএফ, সিলেট সদর, সিলেট। |
| ০২) | জনাব মো: শহিদুল্লাহ | ফরেস্ট রেঞ্জার, সিলেট বন বিভাগ |
| ০৩) | জনাব পাবেল সরকার | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ০৪) | জনাব দিলোয়ার হোসেন | চেয়ারম্যান, ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট। |